

**যবিপ্রবিতে ক্লাস
পরীক্ষা বন্ধ**
ছাত্রলীগের নেতৃত্বে বিক্ষোভ

■ যশোর অফিস

যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (যবিপ্রবি) ক্যাম্পাসে গতকাল রবিবার দ্বিতীয় দিনের মধ্যে ছাত্রলীগের নেতৃত্বে ক্যাম্পাসে দফায় দফায় বিক্ষোভ মিছিল হয়েছে। এতে ক্লাস ও পরীক্ষা বন্ধ হয়ে যায়। এদিন দুপুরে যশোর প্রেসক্লাবের সংবাদ সম্মেলন করে উপাচার্য প্রফেসর ড. আবদুস সাত্তারের বিরুদ্ধে নানা অভিযোগ দুর্নীতির অভিযোগ পৃষ্ঠা ২ কলাম ৮

৭. যবিপ্রবিতে ক্লাস
২০ পৃষ্ঠার পর

তুলে তাকে প্রত্যাহার দাবি করা হয়েছে। দাবি না আদায় হওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দিয়েছে বিক্ষোভকারীরা।

চার দফা দাবি বাস্তবায়নে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোনো আশ্বাস না দেয়ায় রবিবার সকাল থেকে ক্যাম্পাসে দফায় দফায় বিক্ষোভ মিছিল হয়েছে। সাধারণ শিক্ষার্থীদের ব্যানারে বিক্ষোভ মিছিল হলেও নেতৃত্বে ছিলেন ছাত্রলীগের নেতাকর্মীরা। শিক্ষার্থীদের আন্দোলনে বিশ্ববিদ্যালয়ে সকল ক্লাস ও পরীক্ষা বন্ধ হয়ে গেছে। উদ্ধৃত পরিস্থিতি নিয়ে বিশ্ববিদ্যালয়ের উচ্চপর্যায়ের প্রশাসন একাধিক সভা করেছে। শহীদ মশিয়ার রহমান হলের প্রভোস্ট ড. সাইবুর রহমান মোল্লা জানান, বিশ্ববিদ্যালয় ও হল বন্ধের কোনো সিদ্ধান্ত হয়নি।

অপরদিকে যবিপ্রবি অফিসার্স অ্যাসোসিয়েশন এক বিবৃতিতে ক্যাম্পাসে গত দিনের সংঘটিত পরিস্থিতি পর্যবেক্ষণ করে গভীর উদ্বেগ প্রকাশ করেছে। শিক্ষা কার্যক্রমের ধারাবাহিকতা রক্ষায় অতীত ঐতিহ্য ও সুনাম বজায় রাখা এবং বিশ্ববিদ্যালয়ের বিধিবিধান মেনে চলা ও শিক্ষা কার্যক্রম ব্যাহত হয় এমন যেকোনো কার্যকলাপ থেকে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানানো হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. আবদুস সাত্তার জানান, বিশ্ববিদ্যালয়ের আইনানুযায়ী রাজনীতি নিষিদ্ধ। যেহেতু রাজনীতি করতে দেয়া হচ্ছে না তাই ছাত্ররা বিশ্ববিদ্যালয় প্রশাসনের বিরুদ্ধে মিথ্যা অভিযোগ তুলছে।